যুগান্তর

তারিখ 16 MAY 2017
পৃষ্ঠা ২

# নটর ডেমসহ তিন কলেজ ভর্তি পরীক্ষা নিতে পারবে

—————— হাইকোর্ট

**যুগান্তর রিপোর্ট**

উচ্চ মাধ্যমিকে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ফলাফলের ভিত্তিতে ভর্তি করতে শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা সার্কুলারের কয়েকটি ধারা রাজধানীর তিন কলেজের ক্ষেত্রে স্থগিত করেছেন হাইকোর্ট। এই তিন কলেজ হচ্ছে হলিক্রস, নটর ডেম ও সেন্টজোসেফ। ফলে ভর্তি পরীক্ষার মাধ্যমেই কলেজ তিনটিতে উচ্চ মাধ্যমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে বলে জানিয়েছেন আইনজীবীরা। সোমবার এক রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের হাইকোর্ট বেঞ্চ ছয় মাসের জন্য এই স্থগিতাদেশ দেন। আদালতে রিট আবেদনের পক্ষে ছিলেন আইনজীবী রমজান আলী সিকদার ও ব্যারিস্টার তানিম হোসাইন শাওন। আর রাষ্ট্রপক্ষে ডেপুটি অ্যাটর্নি জেনারেল মোখলেছুর রহমান। পরে তানিম হোসাইন শাওন বলেন, আদালতের এ আদেশের ফলে এ তিন কলেজ তাদের নিজস্ব নিয়মে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।

পাশাপাশি হাইকোর্ট রুলও জারি করেন। রুলে এ তিন কলেজের ক্ষেত্রে ফলাফলের ভিত্তিতে ভর্তি করতে জারি করা ভর্তি নীতিমালার কয়েকটি ধারা কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত ঘোষণা করা হবে না তা জানতে চাওয়া হয়েছে। চার সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার চেয়ারম্যান ও কলেজ পরিদর্শককে রুলের জবাব দিতে বলা হয়েছে। সারা দেশে উচ্চ মাধ্যমিক ভর্তির ক্ষেত্রে মেধাতালিকা অনুসারে ভর্তির জন্য গত মে একটি নীতিমালা জারি করে শিক্ষা মন্ত্রণালয়। এ নীতিমালার কয়েকটি ধারার বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট করেন ওই তিন কলেজের অধ্যক্ষ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...
তারিখ...
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি. এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর